



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১১ ফেব্রুয়ারি ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

পানছড়িতে পিকনিক ভঙুল করে দেয়ার প্রতিবাদ ও নিন্দা

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) খাগড়াছড়ি জেলা ইউনিটের সংগঠক প্রদীপন খীসা আজ ১১ ফেব্রুয়ারি ২০১৭ রোজ শনিবার এক বিবৃতিতে পানছড়িতে স্থানীয় মুরুব্বীদের আয়োজিত গণ পিকনিক ভঙুল ও ছয় ব্যক্তিকে মারধরের ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

ঘটনার বর্ণনা দিয়ে তিনি বলেন, ‘আজ ভোর রাত ৪টার দিকে মেজর রফিকের নেতৃত্বে পানছড়ি সাবজোনের সেনাসদস্যরা সহ যৌথ বাহিনীর একটি দল প্রথমে তারাভন্যার পাশের গ্রাম বাঘ্যাপাড়ায় উদঙ্গ মনি চাকমার বাসায় যায়। পরে সেখান থেকে তাকে ও তার বাড়িতে অবস্থানরত (পিননিকের জন্য) লতিবান ইউপি সাবক চেয়ারম্যান ও প্রত্যাগত জুম্ম শরণার্থী নেতা শান্তি জীবন চাকমা, উল্টাছড়ি ইউপি সাবক চেয়ারম্যান সুব্রত চাকমা ও মারমা ঐক্য পরিষদের পানছড়ি থানা শাখার সাংগঠনিক সম্পাদক রুব্বেল মারমাকে নিয়ে সেনারা জগপাড়ার পাশে পিকনিক স্পট ঘেরাও করে এবং রান্নার দায়িত্বে থাকা ছয় জনকে মারধর করে।

‘শারীরিক নির্যাতনের শিকার ব্যক্তির হলে ভাইবোনছড়া ইউপি লাম্বাছড়া গ্রামের কুনেন্দু ত্রিপুরা (৩৮), ৪ নং লতিবান ইউপি নবীন চন্দ্র পাড়ার সোহাগ চাকমা (৫৮), লতিবান ইউপি উগলছড়ি গ্রামের বিমল কান্তি চাকমা (৪৫) এবং ৩ নং পানছড়ি ইউপি গুণু কার্বারী পাড়ার রতন সাঁওতাল (৩৫), মঙ্গল সাঁওতাল (২৮) ও রবি সাঁওতাল (৪৮)।

‘খবর পেয়ে সকালে পানছড়ি উপজেলা পরিষদের চেয়ারম্যান সর্বোত্তম চাকমা, ১ নং লোগাং ইউপি চেয়ারম্যান প্রতুত্তর চাকমা, ২ নং চেঙ্গী ইউপি চেয়ারম্যান কালাচাঁদ চাকমা ও একই ইউপি সাবক চেয়ারম্যান অনিল চাকমাসহ কয়েক জন স্থানীয় মুরুব্বী অভয়মনি হেডম্যান পাড়ায় গিয়ে ঘটনার প্রতিবাদ জানান।

‘তাদের চাপের মুখে যৌথ বাহিনী নির্যাতিত ছয় ব্যক্তিসহ আটককৃতদের সবাইকে ছেড়ে দিতে বাধ্য হয়।’

প্রদীপন খীসা যৌথ বাহিনী কর্তৃক পিকনিক ভঙুল করে দেয়ার ঘটনাকে নজিরবিহীন ও মৌলিক অধিকারের চরম লঙ্ঘন উল্লেখ করে বলেন, ‘পৃথিবীর অন্যতম বৃহৎ উন্মুক্ত কারাগার পার্বত্য চট্টগ্রামে এখন মধ্যযুগ চলছে। জনগণের কোন অধিকার নেই। বাক স্বাধীনতা, সংগঠন করার স্বাধীনতা, শান্তিপূর্ণ সমাবেশে মিলিত হবার স্বাধীনতা, এমনকি বিনোদনমূলক অনুষ্ঠান আয়োজনের মতো স্বাধীনতা পর্যন্ত তাদের নেই।’

তিনি অবিলম্বে অন্যায় দমন পীড়ন বন্ধ করার জন্য সরকারের প্রতি আহ্বান জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।